BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৫/ ১৪৪

১৯ জুলাই, ২০২৫

# সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়ঃ অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে চবক (চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ) এর বন্দর মাশুল পরিশোধ প্রসঙ্গে।**

**সূত্রঃ** চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের স্মারক নং ১৮.১৩.০০০০.০০০৫৫৩.১৬.০০০২.২৫.১/৫৩৪(২৭), তারিখঃ ১৪/০৭/২০২৫।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চবক কর্তৃক অনলাইন ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছে। অন লাইনে বিল পরিশোধের ক্ষেত্রে বন্দর ব্যবহারকারীগণ cpatos.gov.bd/pcs ওয়েবসাইটে প্রবেশ করে আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে চবক মাশুল পরিশোধ করতে পারবে।

যে সকল ব্যবহারকারীর আইডি ও পাসওয়ার্ড নাই সে সকল ব্যবহারকারী TOS এর e-mail : rabiul@cpatos.gov.bd, whatsapp/Mobile : 01854-599196 এ যোগাযোগ করে আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৯/৭/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব




BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বিল রাজস্ব-২ শাখা
www.cpa.gov.bd

নম্বর: ১৮.১৩.০০০০.০০০.৫৫৩.১৬.০০০২.২৫.১/৫৩৪(২৭)

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে চবক এর বন্দর মাশুল পরিশোধ প্রসঙ্গে।**

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের যাবতীয় রাজস্ব আহরণ আরও সহজ, দ্রুত এবং আধুনিকায়ন করার লক্ষ্যে চবক কর্তৃক অনলাইন ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছে। এ উদ্যোগের আওতায় এখন থেকে চবক এর তালিকাভুক্ত সকল শিপিং এজেন্ট এবং সিএন্ডএফসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ চবক এর মাশুলসমূহ যেকোন তফসিলি ব্যাংক হতে অনলাইন ব্যাংকিং (Internet/RTGS/BEFTN) এর মাধ্যমে পরিশোধ করতে পারবে। অনলাইনে বিল পরিশোধের ক্ষেত্রে বন্দর ব্যবহারকারীগণ cpatos.gov.bd/pcs ওয়েবসাইটে প্রবেশ করে আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে চবক মাশুল পরিশোধ করতে পারবে। (এ সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল/নির্দেশিকা গ্রহণকারী ব্যাংকের তথ্যসহ উক্ত ওয়েবসাইটে সংরক্ষিত আছে)। যেসকল ব্যবহারকারীর আইডি ও পাসওয়ার্ড নাই সে সকল ব্যবহারকারী TOS এর e-mail : rabiul@cpatos.gov.bd, whatsapp/Mobile : 01854-599196 এ যোগাযোগ করে আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবে।

উল্লেখ্য, চবক মাশুল অনলাইনে পরিশোধকালে শিপিং এজেন্ট এবং সিএন্ডএফসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণকে চবক এর Bill Reference Number সহ বিলের সকল তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। সকল শিপিং এজেন্ট এবং সিএন্ডএফসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ চবক মাশুল পরিশোধের প্রমাণক হিসেবে Transaction Reference Number সংরক্ষণ করবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

১৪-০৭-২০২৫
মোহাম্মদ আবদুস শাকুর
প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা

CamScanner